226477 - যে নারী নিজের সন্তান প্রতিপালন নিয়ে পিতামাতার সাথে মতভেদ করছেন

প্রশ্ন

পিতামাতার আনুগত্যের ক্ষেত্রে নীতিমালা কী? নিঃসন্দেহে ইসলাম এ বিষয়ে গুরুত্বারোপ করেছে, আল্লাহ্ তাআলা তার আনুগত্যের সাথে পিতামাতার আনুগত্যের কথা উল্লেখ করেছেন। কিন্তু, পিতামাতা যদি সন্তান প্রতিপালনের বিষয়ে হস্তক্ষেপ করেন সেক্ষেত্রে করণীয় কী? উদাহরণতঃ আমি আমার ছেলেকে বলি যে, তুমি আগেআগে ঘুমাবে না। কারণ আগেআগে ঘুমালে সে রাতের বেলায় জেগে যায় এবং আমার ঘুম নষ্ট করে। কিন্তু, তারা উভয়ে আমাকে বলেন: আমি যেন তাকে তার মত ছেড়ে দিই; এখন এর হুকুম কী? আমি কি আমার ছেলেকে আমার মত করে লালনপালন করতে পারি; যদি সেটা শরিয়ত বিরোধী না হয়? আশা করি নসীহত পাব।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

পিতামাতার আনুগত্য করা ওয়াজিব যতক্ষণ পর্যন্ত না তারা এমন কোন নির্দেশ দেন:

১। যেটা আল্লাহ্‌র অবাধ্যতা। দলিল হচ্ছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “গুনাহর ক্ষেত্রে কোন আনুগত্য নেই; আনুগত্য হচ্ছে— ভাল কাজে।”[সহিহ বুখারী (৭২৫৭)]

২। কিংবা যাতে সন্তানের উপরে কিংবা সন্তানের আশ্রয়ে যারা থাকে— সন্তান ও স্ত্রী প্রমুখ তাদের উপরে কোন শারীরিক ক্ষতি বর্তায়। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “কেউ অপরের দ্বারা ক্ষতিগ্রস্ত হবে না এবং অপরকেও ক্ষতিগ্রস্ত করবে না।”[সুনানে ইবনে মাজাহ (২৩৪০); আলবানী হাদিসটিকে ‘সহিহ’ আখ্যায়িত করেছেন]

৩। কিংবা যাতে স্বাভাবিকের অতিরিক্ত কষ্ট আছে। কেননা আল্লাহ্‌র নির্দেশাবলী পালন করাও সক্ষমতার শর্তযুক্ত। “আল্লাহ্ কারো ওপর তার সাধ্যাতীত দায়িত্ব চাপিয়ে দেন না” ।[সূরা বাকারা, আয়াত: ২৮৬] সুতরাং মাখলুকের নির্দেশ পালন এই শর্তযুক্ত হওয়া আরও বেশি যুক্তিযুক্ত। আরও জানতে পড়ুন 214117 নং প্রশ্নোত্তর।

পক্ষান্তরে, সন্তান প্রতিপালনের ব্যাপারে আপনার পিতামাতার সাথে মতভেদের বিষয়টি আপনি নিজে একটু ভেবে দেখুন। যদি তারা আপনাকে এমন কোন নির্দেশ দেন যেটা গুনাহর কাজ কিংবা যাতে আপনার উপর বা তাদের শারীরিক কোন ক্ষতি বর্তায় কিংবা যা পালন করা আপনার জন্য বা তাদের জন্য কষ্টসাধ্য; তাহলে এ অবস্থাগুলোর কোনটিতে তাদের আনুগত্য

করা আপনার উপর ওয়াজিব নয়।

কিন্তু, তার অর্থ এ নয় যে, আপনি রুক্ষভাবে ও অভদ্রভাবে তাদের নির্দেশকে প্রত্যাখ্যান করবেন; বরং কোমল আচরণ ও সুন্দর কথা দিয়ে। আর যতদূর সম্ভব তাদের সামনে তাদের নির্দেশ অমান্য হওয়াটা প্রকাশ করবেন না।

আর যদি তাদের নির্দেশটি উপরোক্ত তিন অবস্থার কোন অবস্থায় না পড়ে তাহলে তাদের নির্দেশ পালন করা আপনার উপর ওয়াজিব।

আপনি কি চান না যে, আপনার সন্তান আপনার আনুগত্য করুক? আপনিও আপনার পিতামাতার কাছে তেমন; সুতরাং তাদের আনুগত্য করুন। কারণ পিতামাতার সাথে সদ্ব্যবহার ঋণের মত এবং পিতামাতার অবাধ্যতাও ঋণের মত।

আপনি পিতামাতার সাথে কোমল ও নম্র হওয়া, তাদেরকে সম্মান দেয়া ও তাদের সাথে সদ্ব্যবহার ফুটিয়ে তোলার সাধ্যমত চেষ্টা করুন।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।